**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/13/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# চিকিৎসক কর্মীবাহিনীর মধ্যে বৈচিত্র্য বৃদ্ধির জন্য গভর্নর হোকলের 2.4 মিলিয়ন ডলারেরও বেশি বরাদ্দ দেওয়ার ঘোষণা

***অ্যাসোসিয়েটেড মেডিকেল স্কুলস অব নিউ ইয়র্কের ব্যবস্থাপনাধীন এবং 800 এরও বেশি শিক্ষার্থীকে সেবা প্রদানকারী ডাইভার্সিটি প্রোগ্রামগুলো সম্প্রসারণের জন্য নিউ ইয়র্ক স্টেট বিনিয়োগের পরিমাণ দ্বিগুণে উন্নীত করেছে***

***নিউ ইয়র্কের সব মেডিকেল শিক্ষার্থীর মধ্যে প্রায় 20 শতাংশ এখন কৃষ্ণাঙ্গ এবং হিস্প্যানিক/ল্যাটিনো, প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জের অধিবাসী, এবং নেটিভ আমেরিকান জনগোষ্ঠী থেকে এসেছে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে ঐতিহ্যগতভাবে যথাযথ প্রতিনিধিত্ব না থাকা শিক্ষার্থীদেরকে আরো বেশি সংখ্যায় চিকিৎসক কর্মীদলের মধ্যে নিয়ে আসতে সাহায্য করার জন্য অ্যাসোসিয়েটেড মেডিকেল স্কুলস অব নিউ ইয়র্ক (Associated Medical Schools of New York)-এর ব্যবস্থাপনাধীন ডাইভার্সিটি প্রোগ্রামগুলোতে 2.4 মিলিয়ন ডলার প্রদান করতে অঙ্গীকারাবদ্ধ হওয়ার মধ্য দিয়ে স্টেট এটির বিনিয়োগ দ্বিগুণে উন্নীত করেছে। স্টেটের স্বাস্থ্য বিভাগের (Department of Health) মাধ্যমে আংশিক অর্থায়নে পরিচালিত এসব কর্মসূচি মেডিসিন খাতে ঐতিহ্যগতভাবে যথাযথ প্রতিনিধিত্ব না থাকা পটভূমি থেকে আসা শিক্ষার্থীদেরকে - যাদের মধ্যে কৃষ্ণাঙ্গ, হিস্প্যানিক/ল্যাটিনো, প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জের অধিবাসী, বা নেটিভ আমেরিকানরা অন্তর্ভুক্ত রয়েছে - নিউ ইয়র্কের মেডিকেল স্কুলগুলোতে ভর্তি হতে এবং ডিগ্রি সম্পন্ন করতে উৎসাহিত করার জন্য তৈরি করা হয়েছে।

"অনেক দীর্ঘ সময় ধরে, নিউ ইয়র্কের অশ্বেতাঙ্গ কমিউনিটিগুলো স্বাস্থ্যসেবা অ্যাক্সেস করার ক্ষেত্রে বৈষম্যের সম্মুখীন হয়ে আসছে এবং অপেক্ষাকৃত খারাপ স্বাস্থ্য নিয়ে বসবাস করে আসছে, যার উভয়টির জন্য মেডিকেল খাতে তাদের যথাযথ প্রতিনিধিত্বের অভাব আংশিকভাবে দায়ী," **বলেছেন গভর্নর হোকল।** "মেডিসিন খাতে বৈচিত্র্য সমর্থনকারী কর্মসূচিগুলোর জন্য আমাদের অঙ্গীকারাবদ্ধতা দ্বিগুণে উন্নীত করার মাধ্যমে, আমরা আমাদের স্টেটের স্বাস্থ্যসেবা খাতের কর্মীদল যাতে আরো বেশি ভালোভাবে আমাদের স্টেটের জনসাধারণের প্রতিনিধিত্ব করতে পারে তা নিশ্চিত করতে পারি এবং ঐতিহাসিক ভুলগুলো সংশোধন করতে সাহায্য করতে পারি।"

এই স্টেটের জনসংখ্যার 30 শতাংশেরও বেশি কৃষ্ণাঙ্গ বা হিস্প্যানিক হলেও, মাত্র 12 শতাংশ চিকিৎসক এসব জনগোষ্ঠীর প্রতিনিধিত্ব করছে। গবেষণায় দেখা গেছে যে নিজেদের পটভূমি থেকে আসা ডাক্তারের কাছে যাওয়া রোগীদের স্বাস্থ্যগত ফলাফল অধিকতর ভালো হয়ে থাকে, যা নিউ ইয়র্কবাসীদের সামগ্রিক স্বাস্থ্যের উন্নতির জন্য এবং বৈষম্য মোকাবেলার জন্য এই স্টেটের চিকিৎসক কর্মীদলে বৈচিত্র্য নিয়ে আসাকে গুরুত্বপূর্ণ করে তুলেছে।

নিউ ইয়র্ক স্টেট এখন মেডিকেল পেশায় বিদ্যমান ব্যবধান কমিয়ে আনার জন্য তৈরি করা মেডিসিন প্রোগ্রামগুলোতে বৈচিত্র্য আনয়নের জন্য 2.4 মিলিয়ন ডলারেরও বেশি প্রদান করছে, যা গত বছরের তহবিল প্রদানের অঙ্গীকারকে দ্বিগুণে উন্নীত করেছে। এই তহবিল নতুন ও বিদ্যমান বৈচিত্র্য সংক্রান্ত উদ্যোগের মাধ্যমে 800-এরও বেশি শিক্ষার্থীকে সেবা প্রদান করবে বলে প্রত্যাশা করা হচ্ছে, যার মধ্যে SUNY ডাউনস্টেট হেলথ সায়েন্সেস ইউনিভার্সিটিতে (SUNY Downstate Health Sciences University) AMSNY-এর সফল পোস্ট-ব্যাচেলরেট কর্মসূচি, ব্রিজেস টু মেডিসিন (Bridges to Medicine) অন্তর্ভুক্ত রয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট আজ SUNY ডাউনস্টেট-এ একটি অনুষ্ঠানে এই অঙ্গীকারাবদ্ধতার গুরুত্ব এবং কিভাবে এসব কর্মসূচি স্টেটজুড়ে মেডিকেল স্কুলগুলোতে বৈচিত্র্য গড়ে তুলতে সাহায্য করছে সে সম্পর্কে আলোচনা করেছেন। এই প্রথম বারের মতো, নিউ ইয়র্কের সব মেডিকেল শিক্ষার্থীর মধ্যে প্রায় 20 শতাংশ এখন ঐতিহ্যগতভাবে যথাযথ প্রতিনিধিত্বহীন জনগোষ্ঠী, যেমন কৃষ্ণাঙ্গ ও হিস্প্যানিক/ল্যাটিনো, প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জের অধিবাসী এবং নেটিভ আমেরিকান পটভূমি থেকে এসেছে।

**স্বাস্থ্য বিভাগের কমিশনার ড. ম্যারি ব্যাসেট বলেন,** "স্বাস্থ্য সমতা উন্নত করার জন্য আমাদের লক্ষ্য অর্জনের জন্য মেডিকেল পেশা যাতে তারা যাদের সেবা করছে সেই নিউ ইয়র্কবাসীদের মতোই বৈচিত্র্যপূর্ণ হয় সে বিষয়টি নিশ্চিত করার মতো এতটা গুরুত্বপূর্ণ বিষয় খুব কমই আছে। একটি আস্থাভাজন কণ্ঠ এবং আপনার জীবনের অভিজ্ঞতার অনন্য দিকগুলো বুঝতে পারেন এমন কাউকে পাওয়া নিজের স্বাস্থ্য সম্পর্কে একজন ব্যক্তির অনুধাবনকে বদলে দিতে পারে। এই বিষয়টিকে যারা বাস্তবে পরিণত করছেন সেসব ব্যক্তির উপর এই তহবিল বিনিয়োগ করছে, এবং এটি বৈচিত্র্য, সমতা ও অন্তর্ভুক্তি উন্নত করার মাধ্যমে আগামী বছরগুলোতে ঐতিহ্যগতভাবে সুবিধাবঞ্চিত ব্যক্তিদের জন্য আরো ভালো স্বাস্থ্যগত ফলাফল অর্জন করতে সাহায্য করবে।"

2017 সালে চালু হওয়া, ব্রিজেস টু মেডিসিন হচ্ছে এক বছরমেয়াদী একটি পোস্ট-ব্যাচেলরেট লাইন অব স্টাডি যেটি মেডিকেল স্কুলগুলোতে ভর্তি হতে আগ্রহী ঐতিহ্যগতভাবে যথাযথ প্রতিনিধিত্বহীন এবং নিম্ন আর্থসামাজিক পটভূমি থেকে আসা শিক্ষার্থীদের প্রতিনিধিত্ব বৃদ্ধি করার জন্য তৈরি করা হয়েছে। 2020 সালে মাস্টার্স অব সায়েন্স ইন ফিজিওলজি হিসেবে স্বীকৃতিপ্রাপ্ত এই কর্মসূচিতে শিক্ষার্থীরা প্রথম-বর্ষের মেডিকেল শিক্ষার্থী হিসেবে মিশ্র ক্লাসে অংশগ্রহণ করবে।

2017 সাল থেকে 2021 সাল পর্যন্ত ব্রিজেস টু মেডিসিন-এ ভর্তি হওয়া 57 জন মেডিকেল শিক্ষার্থীর মধ্যে 88 শতাংশ শিক্ষার্থী মেডিকেল স্কুলগুলোতে ভর্তি হতে পেরেছে। সেইসাথে, এই

কর্মসূচির প্রথম কোহর্ট থেকে ছয়জন শিক্ষার্থী SUNY ডাউনস্টেট-এ তাদের রেসিডেন্সি লাভ করেছে।

ব্রিজেস টু মেডিসিন-এর পাশাপাশি স্টেটের বিনিয়োগ যথাযথ প্রতিনিধিত্ব থেকে বঞ্চিত শিক্ষার্থীরা যাতে মেডিকেল স্কুলের জন্য প্রস্তুতি গ্রহণ করতে পারে সে বিষয়টি নিশ্চিত করার জন্য নতুন, উদ্ভাবনমূলক উদ্যোগগুলোকে সহায়তা করছে। এই তহবিল মেডিসিন খাতে প্রবেশ করতে আগ্রহী কৃষ্ণাঙ্গ পুরুষ ক্রীড়াবিদদের উৎসাহিত করার জন্য একটি কর্মসূচি; MCAT-এর জন্য প্রস্তুতিমূলক কর্মসূচি; গবেষক ও চিকিৎসকদের সঙ্গে থেকে কাজ করার সুযোগ; শিক্ষার্থীদেরকে ফ্যাকাল্টি মেন্টরদের সঙ্গে মিল করিয়ে দেওয়ার জন্য একটি ওয়েব-ভিত্তিক কর্মসূচি; এবং মেডিকেল শিক্ষার্থীদেরকে আবাসন, পুষ্টিগত সংস্থান, এবং অন্যান্য জীবন দক্ষতা, যেমন আর্থিক স্বাক্ষরজ্ঞান অর্জনে সাহায্য করার জন্য কমিউনিটি সংস্থানসমূহ, ইত্যাদি বিষয়ে সহায়তা করছে।

এছাড়াও এই বর্ধিত তহবিল AMSNY-এর আগে থেকে বিদ্যমান কর্মসূচিগুলোতে আরো বেশি শিক্ষার্থীকে সহায়তা করছে:

- জ্যাকবস স্কুল অব মেডিসিন এন্ড বায়োমেডিকেল সায়েন্সেস (Jacobs School of Medicine and Biomedical Sciences), ইউনিভার্সিটি অ্যাট বাফেলো (University at Buffalo), SUNY; নিউ ইয়র্ক মেডিকেল কলেজ (New York Medical College); স্টোনি ব্রুক ইউনিভার্সিটির (Stony Brook University) রেনেইস্যান্স স্কুল অব মেডিসিন (Renaissance School of Medicine); আপস্টেট মেডিকেল ইউনিভার্সিটির (Upstate Medical University) নর্টন কলেজ অব মেডিসিন (Norton College of Medicine); এরপোস্ট ব্যাচেলরেট প্রোগ্রাম;

- সিটি কলেজ অব নিউ ইয়র্ক (City College of New York)-এপাথওয়েস টু ক্যারিয়ার্স ইন মেডিসিন এন্ড রিসার্চ প্রোগ্রাম (Pathways to Careers in Medicine and Research Program)।
- CUNY স্কুল অব মেডিসিন (CUNY School of Medicine)-এ লার্নিং রিসোর্স সেন্টার (Learning Resource Center)।

অ্যাসোসিয়েটেড মেডিকেল স্কুলস অব নিউ ইয়র্ক (Associated Medical Schools of New York, AMSNY), নিউ ইয়র্ক স্টেটের 17টি সরকারি ও বেসরকারি মেডিকেল স্কুলের একটি কনসোর্টিয়াম, 1985 সালে এটির প্রথম ডাইভার্সিটি পাইপলাইন প্রোগ্রাম চালু করে এবং অব্যাহতভাবে যথাযথ প্রতিনিধিত্ব থেকে বঞ্চিত শিক্ষার্থীদেরকে মেডিকেল স্কুলের জন্য প্রস্তুতি নিতে এবং মেডিকেল স্কুলে প্রবেশ করার জন্য সুযোগ-সুবিধা প্রদান করে আসছে। নিউ ইয়র্কে মেডিকেল পেশায় প্রবেশকারী ব্যক্তিদের জনগোষ্ঠীগত অবস্থা সম্প্রসারণে সাহায্য করার প্রচেষ্টায় স্টেটের স্বাস্থ্য বিভাগ 2002 সাল থেকে এসব কর্মসূচিতে অর্থায়ন করে আসছে।

**অ্যাসোসিয়েটেড মেডিকেল স্কুলস অব নিউ ইয়র্ক-এর প্রেসিডেন্ট ও CEO জো ওয়েইডারহর্ন বলেন,** "স্টেটের স্বাস্থ্য বিভাগের অঙ্গীকারাবদ্ধতা নিউ ইয়র্ক স্টেটে চিকিৎসকদের পাইপলাইনে একটি ঐতিহাসিক বিনিয়োগের প্রতিনিধিত্ব করে এবং এটি স্বাস্থ্যসেবা খাতের কর্মীদলে বৈচিত্র্য উন্নত করবে। আমাদের কর্মসূচিগুলো 35 বছরেরও বেশি সময় ধরে ফলাফল দেখিয়ে আসছে এবং এখন আমরা সত্যিকার অর্থেই এই প্রভাব বড় পরিসরে নিয়ে যেতে সক্ষম হবো। AMSNY-এর চারটি পোস্ট ব্যাচেলরেট প্রোগ্রামের 94 শতাংশেরও বেশি শিক্ষার্থী মেডিকেল স্কুলগুলোতে যাচ্ছে যেখানে আনুমানিক অর্ধেক অংশ প্রাথমিক সেবার বিশেষায়িত বিষয়গুলো বেছে নিচ্ছে, প্রায় ক্ষেত্রেই সুবিধাবঞ্চিত এলাকাগুলোতে।"

**স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক ডাউনস্টেট (State University of New York Downstate)-এর প্রেসিডেন্ট ড. ওয়েইন জে. রাইলি বলেন,** "আমাদের শিক্ষার্থীদের মেডিকেল স্কুলের প্রথম বর্ষে পদার্পণের সক্ষমতায় ব্রিজেস টু মেডিসিন কর্মসূচি যে প্রভাব ফেলেছে তা আমাদেরকে উৎসাহিত করছে। এত বেশি বৈচিত্র্য বিদ্যমান থাকা একটি কমিউনিটিতে, মানসম্মত স্বাস্থ্যসেবা প্রদান করার পাশাপাশি, আমরা গর্বিত যে আমাদের রোগীরা তাদের বৈচিত্র্যপূর্ণ ও অনন্য পটভূমির প্রতিফলনকে স্বীকৃতি দিচ্ছে এবং এটিকে সাধুবাদ জানাচ্ছে। আমাদের ব্রিজেস টু মেডিসিন মাস্টার্স প্রোগ্রাম শিক্ষার্থীদের জন্য উপকারী হয়েছে এবং এই কমিউনিটির জন্য আরো অনেক বেশি উপকারী হয়েছে।"

**স্টেট সিনেটর জামাল টি. বেইলি বলেন,** "মেডিসিন খাতে বৈচিত্র্য এবং প্রতিনিধিত্ব দীর্ঘদিন ধরে চলে আসা জাতিগত স্বাস্থ্য বৈষম্য মোকাবেলার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের স্টেটের জন্য ব্রিজেস টু মেডিসিন-এর মতো কর্মসূচিগুলোতে বিনিয়োগ করা অব্যাহত রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ, যে কর্মসূচি অশ্বেতাঙ্গ মেডিকেল শিক্ষার্থীদের জন্য শুধু সুযোগ-সুবিধাই প্রদান করবে না, বরং সেইসাথে মানসম্মত, সাংস্কৃতিকভাবে দক্ষ সেবার অ্যাক্সেস বৃদ্ধি করার মাধ্যমে আমাদের কমিউনিটিগুলোর স্বাস্থ্য উন্নত করবে। আমাদের কমিউনিটিগুলো এমন চিকিৎসক পাওয়ার অধিকার রয়েছে যাদের প্রতি তাদের আস্থা থাকবে যে তারা তাদের প্রয়োজনগুলো বুঝতে পেরেছে। মেডিকেল খাতে বৈচিত্র্য বৃদ্ধি করা, অশ্বেতাঙ্গ কমিউনিটিগুলোর জন্য মেডিসিন খাতে ক্যারিয়ার গঠনের পথ তৈরি করা, এবং স্বাস্থ্যসেবা খাতের পরবর্তী প্রজন্মের নেতৃবৃন্দকে অনুপ্রাণিত করার জন্য তাদের কাজের জন্য আমি গভর্নর ক্যাথি হোকল, কমিশনার ম্যারি ব্যাসেট, এবং নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগকে সাধুবাদ জানাই।"

**অ্যাসেম্বলি সদস্য ব্রায়ান কানিংহ্যাম বলেন**, "আমি নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ এবং AMSNY-এর প্রতি তাদের দূরদৃষ্টিসম্পন্ন নেতৃত্ব এবং মেডিসিন খাতে বৈচিত্র্য বৃদ্ধির কর্মসূচিগুলোর জন্য তাদের সহায়তার জন্য আমার কৃতজ্ঞতা প্রকাশ করছি," "এখানে SUNY ডাউনস্টেট-এ, ডিস্ট্রিক্ট 43-এ আমাদের নিজেদের ঠিকানায় বহু মেধাবী মেডিকেল শিক্ষার্থী ও প্র্যাক্টিশনারকে পেয়ে আমরা সৌভাগ্যবান। এই তহবিলের মাধ্যমে, আমরা ব্রুকলিনের মতো সুবিধাবঞ্চিত এলাকাগুলোতে লভ্য মেডিকেল পরিষেবাগুলো শুধু সমৃদ্ধই করছি না, বরং সেইসাথে BIPOC শিক্ষার্থীদের জন্য একটি অতুলনীয় সুযোগও প্রদান করছি। এসব কর্মসূচি মেডিকেল শিক্ষার্থীদের একটি বৈচিত্র্যপূর্ণ পুলকে তারা অন্যথায় অ্যাক্সেস নাও পেতে পারতো এমন সুযোগগুলো কাজে লাগানোর সক্ষমতা প্রদান করছে, তাই আমার এবং আমার নির্বাচনী এলাকার লোকজনের পক্ষ থেকে, আমি আপনাদের ধন্যবাদ জানাই।"

**অ্যাসেম্বলি সদস্য পামেলা জে. হান্টার বলেন**, "আমি অত্যন্ত গর্বিত যে একাধিক স্টেট বাজেটে মেডিসিন প্রোগ্রামগুলোতে বৈচিত্র্য বৃদ্ধির জন্য তহবিল প্রদানের পক্ষে আমি প্রধান সমর্থক হিসেবে থেকেছি। আমাদের ডাক্তার ও নার্সদের মধ্যে বৈচিত্র্য বৃদ্ধি করাটা স্বাস্থ্য সংক্রান্ত উন্নত ফলাফলের দিকে নিয়ে যায় কারণ আমরা এমন সব নতুন প্র্যাক্টিশনারের ক্ষমতায়ন করছি যারা নিজেদের কমিউনিটির জন্য প্রত্যক্ষভাবে নিবেদিত রয়েছেন। আমি এসব কর্মসূচি সম্প্রসারণ হতে দেখা এবং আমাদের মেডিকেল শিক্ষার্থীদের জন্য এবং সেইসাথে তাদের ভবিষ্যত রোগীদের জন্য এটি যে অসংখ্য সুফল নিয়ে আসবে সেটির জন্য অধীন আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418